খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
Khulna Water Supply & Sewerage Authority
৭নং রুজভেল্ট জেটিঘাট রোড (জোড়াগেট নিকটবর্তী), খালিশপুর, খুলনা-৯০০০।

"শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০৭.০০০০.০০৭.০৮.০৫০.২২-৩৭৭ তারিখ : ২৪/৩/২০২২

বিষয়ঃ খুলনা ওয়াসার ২০২১-২২ অর্থ-বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত পর্যালোচনা সভা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর আওতাধীন "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২" এর কর্মসম্পাদন ক্ষেত্র [২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি -এর কার্যক্রম [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অনুযায়ী খুলনা ওয়াসার ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক সভা ২৯/০৩/২০২২ তারিখে সকাল ১১.৩০ ঘটিকায় খুলনা ওয়াসার সভাকক্ষে (কক্ষ নং ৩০১) খুলনা ওয়াসার ইনোভেশন/সেবা সহজিকরণ টিমের সদস্যগণের উপস্থিতিতে সভা আহ্বান করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাদের যথাসময়ে সভায় অংশগ্রণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

২৪/৩/২২

(কানিজ ফাতেমা তানিয়া)
উপসচিব
জেনারেল ম্যানেজার, খুলনা ওয়াসা।

অনুলিপিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা।
২। উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল), খুলনা ওয়াসা।
৩। খুলনা ওয়াসার ইনোভেশন/সেবা সহজিকরণ টিমের সদস্যবৃন্দ।
৪। সহকারি প্রোগ্রামার, খুলনা ওয়াসা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩৭৭

**খুলনা ওয়াসার ২০২১-২২ অর্থ-বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত ৩য় পর্যালোচনা সভার কার্যবিবরনী:**

সভাপতি : মোঃ আব্দুল্লাহ পি.ইঞ্জ, ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা, খুলনা।
স্থান : সভাকক্ষ, খুলনা ওয়াসা, খুলনা।
সভার তারিখ : ২৯ মার্চ ২০২২ খ্রিঃ।
সময় : সকাল ১১:৩০ মিঃ।
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট- "ক" দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উপস্থিত সকল সদস্যদের অবগতির জন্য উল্লেখ করেন যে, খুলনা ওয়াসার চলতি ২০২১-২২ অর্থ-বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ক্রমিক নং ১.১, ১.২ ও ১.৩ এ উল্লেখিত উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন সম্পর্কিত কার্যক্রম নির্ধারণের লক্ষ্যমাত্রা অনুযায়ী আলোচ্য ৩টি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ সময় সভাপতি ২০২১-২২ অর্থ-বছরের গৃহিত কার্যক্রমসমূহের সর্বশেষ অবস্থা সম্পর্কে জানাতে সংশ্লিষ্ট ইনোভেশন / সেবা সহজীকরণ টিমের কর্মকর্তাদের অনুরোধ করেন। অতঃপর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ চলতি অর্থ-বছরে আলোচ্য ৩টি কার্যক্রম সম্পর্কে বিস্তারিত মতবিনিময় করেন। পরবর্তীতে সভাপতি সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে চলতি ২০২১-২২ অর্থ-বছরের খুলনা ওয়াসার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ক্রমিক নং ১.১, ১.২ ও ১.৩ এ উল্লেখিত উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন সম্পর্কিত কার্যক্রম হিসেবে নিম্নবর্ণিত তালিকা মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং এই অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে কার্যসম্পাদনের অনুরোধ জানান।

| ক্রমিক নং | কার্যক্রমসমূহ | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১.১ | উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | সৌর শক্তি ব্যবহারের মাধ্যমে খুলনা ওয়াসা ভবনের পাম্প মটর পরিচালনা। | আলোচ্য বিষয়ে ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোঃ রেজাউল ইসলাম, নির্বাহী প্রকৌশলী অবগত করেন যে, ইতোমধ্যেই কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক "সৌর শক্তি ব্যবহারের মাধ্যমে খুলনা ওয়াসার পাম্প মটর পরিচালনা" শীর্ষক কাজের দরপত্র রাজস্ব খাতের আওতায় RFQ পদ্ধতিতে আহবান করে বিগত ২৩/১/২০২২ তারিখে কাজটি সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্ট প্রকৌশলী ও বিশেষজ্ঞদের নিরীক্ষণ শেষে ২৭ জানুয়ারি ২০২২ থেকে খুলনা ওয়াসা ভবনে দাপ্তরিকভাবে এর কার্যক্রম শুরু করা হয়েছে। বর্তমানে সিস্টেমটি সফল ভাবে চালু আছে। |
| ১.২ | সেবা সহজীকরণ | বর্তমানে প্রধান কার্যালয়ের পরিবর্তে স্ব স্ব আঞ্চলিক কার্যালয় হতে গ্রাহকবৃন্দের বিল প্রস্তুত, বিল বিতরণসহ যাবতীয় সেবা প্রদান। | ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত সকলকে অবহিত করেন যে, ২য় পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক খুলনা ওয়াসার প্রধান কার্যালয়ের পাশাপাশি স্ব স্ব আঞ্চলিক কার্যালয় হতে গ্রাহকবৃন্দের বিল সংক্রান্ত যাবতীয় সেবা প্রদানের নিমিত্ত বিলের মাস জানুয়ারি ২০২২ এর বিল প্রস্তুতের কার্যক্রম সম্পন্ন হওয়ার পরে বিগত ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ হতে "ক" অঞ্চল মহেশ্বর পাশা রোডস্থ অফিস থেকে, |

| | | | |
|---|---|---|---|
| | | | "খ" অঞ্চল খুলনা ওয়াসা ভবন থেকে, "গ" ও "ঘ" অঞ্চল যশোর রোডস্থ অফিস হতে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। |
| ১.৩ | সেবা ডিজিটাইজেশন | ব্যাংকে জমাকৃত খুলনা ওয়াসার গ্রাহকবৃন্দের বিলসমূহ অনলাইনে পোস্টিং প্রদানের মাধ্যমে খুলনা ওয়াসা সার্ভারে প্রেরণ। | ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় অবগত করেন যে, খুলনা ওয়াসার বিভিন্ন ব্যাংকে জমাকৃত পানির বিল সমূহের অনলাইনে খুলনা ওয়াসা সার্ভারে পোস্টিং প্রদানের বিষয়ে অনলাইন ব্যাংক পোস্টিং সিস্টেমের পাইলটিং কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে এবং দ্রুততম সময়ের মধ্যে খুলনা ওয়াসার সকল স্টেকহোল্ডার ব্যাংক-কে নতুন উদ্ভাবিত সিস্টেম-এ পোস্টিং কার্যক্রম পরিচালনার জন্য দাপ্তরিকভাবে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, বাণিজ্যিক ব্যবস্থাপকের সভাপতিত্বে ও সহকারি প্রোগ্রামার এর তত্ত্বাবধানে খুলনা ওয়াসা ভবনে বেসরকারি ব্যাংকসমূহকে উক্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য ইতোমধ্যেই সকল বেসরকারি ব্যাংক-কে ও জনতা ব্যাংক এর সকল শাখার সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পর্যায়ক্রমে নতুন সকল স্টেকহোল্ডার বেসরকারি ব্যাংক-কে এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যহত থাকবে। বর্তমানে সফলভাবে অনলাইন বিল পোস্টিং সিস্টেম লাইভ সার্ভারে চলমান আছে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আলোচ্য বিষয়ে সম্যক অবগত হয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৬/২০২২

(মোঃ আব্দুল্লাহ্, পিইঞ্জ)
ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা, খুলনা।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল:

০১. উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), খুলনা ওয়াসা, খুলনা।
০২. উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল), খুলনা ওয়াসা, খুলনা।
০৩. ইনোভেশন টিমের সকল সদস্য, খুলনা ওয়াসা, খুলনা।

## ২০২১-২২ অর্থ বছরের খুলনা ওয়াসার ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক সভার উপস্থিতি

**তারিখ: ২৯/০৩/২০২২, সময়: ১১:৩০, স্থান: খুলনা ওয়াসা সভা কক্ষ (কক্ষ নং-৩০১)**

| নাম ও পদবী | যোগাযোগের মাধ্যম | স্বাক্ষর |
|---|---|---|
| কানিজ ফতেমা তানিয়া (উপসচিব)<br>জেনারেল ম্যানেজার | মোবাইল : ০১৭৪৩০০০০০৬<br>ই- মেইল : kanizbcs25@gmail.com | |
| প্রকৌ: এম ডি কামালউদ্দিন আহমেদ<br>উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) | মোবাইল : ০১৭১১৩৯৮৭৮৪<br>ই- মেইল : dmdekwasa@gmail.com | ২৯/০৩/২২ |
| এম. খাদেমুল ইসলাম<br>বানিজ্যিক ব্যবস্থাপক | মোবাইল : ০১৭১১- ১৩৪০৬৪<br>ই- মেইল : cmkwasa@gmail.com | ২৯/৩/২২ |
| মোঃ রেজাউল ইসলাম<br>নির্বাহী প্রকৌশলী | মোবাইল : ০১৭১৩- ২৩৭২১৭<br>ই- মেইল : reza.kwasa@gmail.com | ২৯/৩/২২ |
| মোঃ সোহেল বিল্লাহ<br>সহকারি কম্পিউটার প্রোগ্রামার | মোবাইল : ০১৭৪২- ৪৫৪৮৪২<br>ই- মেইল : it.kwasa@gmail.com | |